# 36600 - হজ্জের কারণে মেয়েদের মাসিক বন্ধ করে রাখার ঔষধ খাওয়া জায়েয

প্রশ্ন

প্রশ্ন: সবার সাথে যেন হজ্জের কাজ শেষ করা যায় সেজন্য মেয়েদের ট্যাবলেট খাওয়া কি জায়েয আছে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

আলহামদুলিল্লাহ।

রমযান মাসে মেয়েদের গর্ভ নিরোধক বড়ি খেতে অসুবিধা নেই; যাতে করে মাসিক বন্ধ থাকে ও সবার সাথে রোযা রাখতে পারে। এবং ও হজ্জের দিনগুলোতে খেতে অসুবিধা নেই; যাতে করে সবার সাথে তাওয়াফ করতে পারে ও হজ্জের কাজ বিঘ্নি না হয়। ট্যাবলেট ছাড়া অন্য কিছু যদি পাওয়া যায়, যা মাসিক বন্ধ রাখে তাহলে সেটাতে তো কোন অসুবিধা নেই; যদি শরিয়ত নিষিদ্ধ কোন কিছু এতে না থাকে কিংবা ক্ষতিকর কিছু না থাকে।[শাইখ আব্দুল আযিয বিন বায এর বক্তব্য থেকে সংকলিত ও সমাপ্ত]